যুগান্তর

APR 10 2002

তারিখ ....................

পৃষ্ঠা ... ৪ ... কলাম ... ২

# শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ

আমি জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে রংপুর কারমাইকেল কলেজের ১৯৯৩-৯৪ সেশনের বিএ সম্মান শ্রেণীর ইংরেজি বিভাগের ছাত্রী ছিলাম। দুর্ভাগ্যবশত আমি সম্মান পরীক্ষায় ৩য় শ্রেণী পেয়েছি। জাতীয় বিশ্ববিদ্যালয়, ১৯৯০-৯১, ৯১-৯২ এবং ৯২-৯৩ সেশনে (সনাতন) ছাত্রছাত্রীদেরকে শেষবারের মতো (৩য় বার) মানোন্নয়ন পরীক্ষা দেয়ার সুযোগ দিয়েছে। কিন্তু ১৯৯৩-৯৪ সেশনের ছাত্রছাত্রীরা উক্ত সুযোগ চাইলেও তাদেরকে সে সুযোগ দেয়া হয়নি।

উল্লেখ্য, ১৯৯৩-৯৪ সেশন থেকে যারা সম্মান ১ম পর্ব এবং ২য় পর্ব পরীক্ষায় ২৫ নম্বর পেয়েছিল, তাদেরকে কৃতকার্য করা হয়েছিল এবং পরবর্তী সময়ে তাদেরকে আর ১ম পর্ব এবং ২য় পর্ব পরীক্ষা দিতে দেয়া হয়নি। এমতাবস্থায় সম্মান ৩য় পর্ব পরীক্ষায় ৪৮ নম্বর পাওয়া সত্ত্বেও ১ম পর্বের ২০ এবং ২য় পর্বের ২০ মোট ঘাটতি ৪০ নম্বর পূরণ করে আমার মতো অনেকের ২য় শ্রেণী পাওয়া সম্ভব হয়নি। বর্তমানে অধিকাংশ চাকরির ক্ষেত্রে ৩য় শ্রেণী অগ্রহণযোগ্য। ফলে ৩য় শ্রেণীপ্রাপ্তরা মেধার মূল্যায়নের সুযোগ থেকে বঞ্চিত। জাতীয় শিক্ষানীতি প্রণয়নের পূর্বে যারা সম্মান শেষবর্ষ পরীক্ষা দিয়েছিল, তাদেরকে শিক্ষানীতি প্রণয়নের পর শেষবারের মতো মানোন্নয়ন পরীক্ষা দেয়ার সুযোগ দেয়া যেত। তা না হওয়ায় আমার মতো অনেকের জীবন আজ বিপন্নপ্রায়। তাই আমার মতো অনেক ৩য় শ্রেণী প্রাপ্তর ভাগ্য উন্নয়নের লক্ষ্যে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ১৯৯৩-৯৪ সেশনের ছাত্রছাত্রীদের ১৯৯৪ সেশন ১ম পর্ব এবং ১৯৯৫ সালের ২য় পর্ব পরীক্ষা পুনঃ গ্রহণপূর্বক শ্রেণী উন্নয়নের সুযোগ দানের জন্য আপনার কাছে অনুরোধ করছি।

**মোছা: নাজমুন আরা**
কেরানীপাড়া, রংপুর